২০

দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 OCT 1996
পৃষ্ঠা কলাম

# ছাত্র রাজনীতি বন্ধের আহ্বান বাংলার ইতিহাসকে স্তব্ধ করার ষড়যন্ত্র ॥ ছাত্রদল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, ছাত্র রাজনীতি বন্ধের আহ্বান বাংলার গৌরবময় ইতিহাসকে স্তব্ধ করার ষড়যন্ত্র মাত্র। তাঁরা অভিযোগ করেন যে, ক্ষমতাসীন সরকার সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস ছড়াচ্ছে। আর রাষ্ট্রপতিকে দিয়ে ছাত্র রাজনীতি বন্ধের পচেষ্টা চালাচ্ছে।

মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এক সমাবেশে ছাত্রনেতৃবৃন্দ এ কথা বলেন। জগন্নাথ হলের অক্টোবর স্মৃতি ভবনের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় বক্তৃতা করেন ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, সহ-সভাপতি আব্দুল খালেক, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, রূপক সিংহ ও জয়ন্ত কুমার কুন্ড।

শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, ছাত্র রাজনীতি বন্ধের অর্থ হবে নিরক্ষর জাতির সচেতন অংশকে স্তব্ধ করা। হাবিবুন্নবী সোহেল তাঁর বক্তৃতায় জগন্নাথ হলে নিহত সতীর্থদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।